দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৬৮/২০২৫ — তারিখঃ ১৬/১০/২০২৫ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম এর নথি নং-১৮.১৩.০০০০.১৩২.০৫.০০৬.২৫/১১৫৩, তারিখঃ ১২/১০/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

দেবাশীষ চৌধুরী
সহকারী সচিব

---

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর
বন্দর, চট্টগ্রাম।

বিষয়ঃ চট্টগ্রাম বন্দরের ওভার ফ্লো পশ্চিম গেইট (ইপিজেড থানা সংলগ্ন) গেইট দিয়ে অপারেশনাল কার্যক্রম শুরু করার প্রেক্ষিতে ডেলিভারী সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ওভার ফ্লো পূর্ব-পশ্চিম গেইট সমূহের ট্রাফিক ব্যবস্থাপনা পূনঃর্বিন্যাস প্রসঙ্গে।

সূত্রঃ
ক। অত্র দপ্তরের পত্র নং-১৮.০৪.০০০০.১৩২.০৫.০০৬.২৪/১২০৯, তারিখঃ ২৫/১১/২০২৪ ইং।
খ। অত্র দপ্তরের পত্র নং-১৮.১৩.০০০০.১৩২.০৫.০০৬.২৪/১২০৩, তারিখঃ ২০/১১/২০২৪ ইং।
গ। অত্র দপ্তরের পত্র নং-১৮.১৩.০০০০.১৩২.০৫.০০৬.২৪/১২৩৬, তারিখঃ ০২/১২/২০২৪ ইং।

১। উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর প্রতিষ্ঠালগ্ন থেকেই বাংলাদেশের আমদানি-রপ্তানী কার্যক্রমে বৃহৎ অংশীদারিত্বের মাধমে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। এই ধারা অব্যাহত রাখা এবং দেশীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে চট্টগ্রাম বন্দরের ভাবমূর্তি উজ্জ্বল রাখতে এবং বিমান বন্দরগামী মূল সড়কে যানজট সহনীয় করণের লক্ষ্যে ওভার ফ্লো পশ্চিম গেইট (ইপিজেড থানা সংলগ্ন) গেইট দিয়ে অপারেশনাল কার্যক্রম শুরু করা হবে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আগামী ১২/১০/২০২৫ ইং তারিখ হতে ওভার ফ্লো পূর্ব ও পশ্চিম গেইট সমূহের ট্রাফিক ব্যবস্থাপনা নিম্নলিখিত ভাবে পুনর্বিন্যাস করা হলো। এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

| ক্রঃ | গেইট | পুনর্বিন্যাস | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | ওভার ফ্লো পশ্চিম গেইট | ক। ওভার ফ্লো পশ্চিম গেইট এর ক্ষেত্রে রাত ১২০০ ঘটিকার পর থেকে সকাল ০৬০০ ঘটিকা পর্যন্ত গেইটটির কার্যক্রম চলমান থাকবে।<br>খ। ওভারফ্লো ইয়ার্ডের এ্যাসাইনমেন্টভূক্ত কাষ্টমস্ ASYCODA অনুকূলে Exit এবং Entry এর সুযোগ থাকবে এমন কন্টেইনারসমূহ হতে ডেলিভারীর জন্য পণ্যবোঝাই ট্রাক ও কভার্ডভ্যান শুধুমাত্র বাহির হওয়ার জন্য এই গেইট ব্যবহার করবে।<br>গ। সামিট এ্যালাইন্স, ইনকনট্রেড, ইষ্টার্ণ লজিষ্টিকস, ভারটেক্স, কে এন্ড টি লজিষ্টিকস ও কিউএনএস কন্টেইনার ডিপোর শুধুমাত্র খালি কন্টেইনারবাহী যানবাহনসমূহ সিসিটি-২ গেইটের পাশাপাশি ওভার ফ্লো পশ্চিম পার্শ্বের (ইপিজেড থানা সংলগ্ন) গেইট দিয়ে বাহির হতে পারবে।<br>ঘ। এক্ষেত্রে ডিপোসমূহের ট্রেইলার বাহির হওয়ার সময় ডকুমেন্টেশনের সকল কার্যক্রম এনসিটি-৩ গেইটে সম্পন্ন করতে হবে এ ক্ষেত্রে সকল ডেলিভারী ডকুমেন্ট এর ফটোকপি এবং অতিরিক্ত ০১ কপি চালান ওভারফ্লো পশ্চিম গেইটে জমা দিতে হবে।<br>ঙ। উক্ত গেইটটি যানবাহন বহির্গমণের জন্য ব্যবহার উপযোগী করতে বন্দর সংশ্লিষ্ট বিভাগ ও প্রতিষ্ঠান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১। নিরাপত্তা বিভাগ।<br>২। পরিবহন বিভাগ।<br>৩। পরিচালক (বিদ্যুৎ), চবক<br>৪। প্রধান প্রকৌশলী (সিভিল), চবক।<br>৫। সিস্টেম এনালিস্ট, চবক।<br>৬। কাস্টম হাউস, চট্টগ্রাম।<br>৭। উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক), সিএমপি, চট্টগ্রাম।<br>৮। সাইফ পাওয়ারটেক লিঃ।<br>৯। চট্টগ্রাম ড্রাইডক লিঃ।<br>১০। সংশ্লিষ্ট অফডক প্রতিষ্ঠানসমূহ। |
| ২। | ওভার ফ্লো পূর্ব গেইট | ক। ওভার ফ্লো পূর্ব গেইটটি পূর্বের ন্যায় ২৪ ঘন্টা সার্বক্ষণিক খোলা থাকবে।<br>খ। এনসিটি-৩ গেইট ব্যবহার করে ওভার ফ্লো ইয়ার্ডের ডেলিভারী এ্যাসাইনমেন্টভূক্ত সকল কন্টেইনারবাহী ট্রেইলার ওভার ফ্লো পূর্ব গেইট ব্যবহার করে ওভার ফ্লো ইয়ার্ডে প্রবেশ করবে।<br>গ। ওভার ফ্লো ইয়ার্ড থেকে ডেলিভারী কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে সিএন্ডএফ মনোনীত সকল ট্রাক/কভার্ড ভ্যান ওভার ফ্লো পূর্ব গেইট ব্যবহার করে ইয়ার্ডে প্রবেশ করবে এবং পূর্বের ন্যায় ওভার ফ্লো পূর্ব গেইট ব্যবহার করে ডেলিভারী কার্যক্রম সম্পন্ন করত যানবাহন বাহির করতে পারবে।<br>ঘ। এছাড়াও রাত ১২০০ ঘটিকার পর থেকে সকাল ০৬০০ ঘটিকা পর্যন্ত ওভার ফ্লো পশ্চিম গেইট এর কার্যক্রম চলমান থাকায় ওভার ফ্লো পূর্ব গেইট এর পাশাপাশি পশ্চিম গেইট ব্যবহার করে সিএন্ডএফ এজেন্ট উল্লেখিত সময়ে পণ্য বোঝাই যানবাহনসমূহ বাহির হতে পারবে। | ১। নিরাপত্তা বিভাগ।<br>২। পরিবহন বিভাগ।<br>৩। উপ-পুলিশ কমিশনার (বন্দর), সিএমপি, চট্টগ্রাম।<br>৪। উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক), সিএমপি, চট্টগ্রাম।<br>৫। সংশ্লিষ্ট ডিপোসমূহ।<br>৬। সাইফ পাওয়ারটেক লিঃ।<br>৭। চট্টগ্রাম ড্রাইডক লিঃ।<br>৮। সংশ্লিষ্ট সিএন্ডএফ প্রতিষ্ঠানসমূহ। |

২। উপরোক্ত বর্ণনার প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগ ও প্রতিষ্ঠানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাঃ/-
পরিচালক (নিরাপত্তা)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
তারিখঃ ১২/১০/২০২৫ ইং।

নথি নং-১৮.১৩.০০০০.১৩২.০৫.০০৬.২৫/১১৫৩